

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খুলনা অঞ্চল, খুলনা।

স্মারক নং-১৩৪০(৬)

তারিখঃ ০২/০৮/২০২৩খ্রি.

বরাবর


উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/নড়াইল।

বিষয়ঃ রোপা আমনের স্বল্প জীবনকাল সম্পন্ন জাতের চারা আগামী এক সপ্তাহের মধ্যে রোপন সম্পন্ন করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, তেল ফসলের আবাদ বৃদ্ধির পরিকল্পনার অংশ হিসেবে ২০২৩-২৪ অর্থবছরে সরিষা আবাদের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য আগাম ও স্বল্পজীবনকাল সম্পন্ন রোপা আমনের জাত সমূহ দ্রুত রোপন করা প্রয়োজন। এছাড়া শীতকালীন সবজিসহ অন্যান্য রবি ফসল আবাদের জন্যও অতি দ্রুত রোপন সম্পন্ন করার এখনই উপযুক্ত সময়।

উল্লেখ্য ইতোপূর্বে এ বিষয়ে ব্লক পর্যায়ে প্রত্যেক ব্লকের বিভিন্ন শস্যবিন্যাসভুক্ত জমির পরিমাণ নিরূপন করে পরিকল্পনা গ্রহণ, আধুনিক উচ্চ ফলনশীল আগাম ও স্বল্পজীবনকাল সম্পন্ন রোপা আমনের জাত যেমন ব্রিধান ৭১, ব্রিধান ৭৫, ব্রিধান ৮৭, বিনাধান ৭, বিনাধান ১১, বিনাধান ১৭, বিনাধান ২০, বিনাধান ২২ সহ অন্যান্য স্বল্প জীবনকালসম্পন্ন জাতের বীজতলা তৈরীর পরিকল্পনা গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়েছিল। সেলক্ষ্যে পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে স্বল্পজীবনকাল সম্পন্ন রোপা আমনের চারা রোপনের এখনই উপযুক্ত সময় ও অনুকূল পরিবেশ বিরাজ করছে।

কাজিত লক্ষ্য বাস্তবায়নে আগামী এক সপ্তাহের মধ্যে স্বল্প জীবনকালসম্পন্ন রোপা আমন জাতের আবাদ সম্পন্ন করার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ নিশ্চিতকরণে আপনার অধিনস্থ উপজেলা কৃষি অফিসারদের নির্দেশনা প্রদানের জন্য বলা হলো।


(মোহন কুমার ঘোষ)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খুলনা অঞ্চল, খুলনা।
০২/০৮/২৩

সদয় অবগতির জন্য –

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
- ২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।